

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-২৮০৯

আগরতলা, ০৯ নভেম্বর, ২০ ১৮

আগামীকাল এন আই টি আগরতলার
একাদশ সমাবর্তন

এন আই টি আগরতলার একাদশ সমাবর্তন অনুষ্ঠান আগামীকাল বিকাল ৩ টায় আগরতলার রবীন্দ্র শতবার্ষিকী ভবনে অনুষ্ঠিত হবে। সমাবর্তন অনুষ্ঠানে রাজ্যপাল অধ্যাপক কাপ্তান সিং সোলাঙ্কি বিশেষ অতিথি হিসেবে উপস্থিত থাকবেন। মুখ্যমন্ত্রী বিপ্লব কুমার দেব সমাবর্তন অনুষ্ঠানে প্রধান বক্তা হিসেবে উপস্থিত থাকবেন। সমাবর্তন অনুষ্ঠানে সম্মানীয় অতিথি হলেন আই আই টি মাদ্রাজের অধিকর্তা অধ্যাপক ভাস্কর রামমূর্তি। এন আই টি আগরতলার বোর্ড অব গভর্নস-এর চেয়ারম্যান অনুষ্ঠানে সভাপতিত্ব করবেন। সমাবর্তন অনুষ্ঠানে ছাত্র-ছাত্রীদের হাতে শংসাপত্র প্রদান করবেন এন আই টি আগরতলার ডিরেক্টর অধ্যাপক হরিশ কুমার শর্মা। অনুষ্ঠানে ২২ জন পি এইচ ডি, ১৭০ জন এম টেক, ২৩ জন এম বি এ, ২০ জন এম এস সি, ১৬ জন বি এস এম এস, ৭ জন বি টি এম টি, ৬৬৩ জন বি টেক, ৩৩ জন বি এস এবং ৯ জন বি টি ছাত্র-ছাত্রীদের শংসাপত্র প্রদান করা হবে। এন আই টি আগরতলার একাদশ সমাবর্তনে সর্বমোট ৯৭৮ জন ছাত্র-ছাত্রীকে ডিগ্রী (শংসাপত্র) প্রদান করা হবে।

সমাবর্তন অনুষ্ঠানে ২৫ জন ছাত্র-ছাত্রীকে স্বর্ণপদক প্রদান করা হবে। এদের মধ্যে স্নাতকস্তরে বিভিন্ন শাখায় প্রথম স্থানাধিকারী ৮ জনকে, ডুয়েল ডিগ্রীস্তরে (বি এস এম এস এবং বি টি এম টি) বিভিন্ন শাখায় প্রথম স্থানাধিকারী ৩ জনকে এবং স্নাতকোত্তর স্তরে বিভিন্ন শাখায় প্রথম স্থানাধিকারী ১১ জনকে স্বর্ণপদক প্রদান করা হবে। স্নাতকস্তর, ডুয়েল ডিগ্রীস্তর (বি এস এম এস এবং বি টি এম টি) এবং স্নাতকোত্তর স্তর থেকে সামগ্রিকভাবে প্রতিষ্ঠানের প্রথম স্থানাধিকারী ৩ জনকে স্বর্ণপদক দেওয়া হবে।

এন আই টি আগরতলা বর্ষব্যাপী বিভিন্ন ধরনের অধ্যয়ন বিষয়ক ও গবেষণামূলক কর্মসূচির আয়োজন করে। এছাড়াও প্রতিষ্ঠানটি বিভিন্ন সচেতনতামূলক ও অন্যান্য কর্মসূচি পালন করে। এর মধ্যে যোগা দিবস, স্বচ্ছ ভারত অভিযান, রাষ্ট্রীয় একতা দিবস, স্টাডি কানেক্ট প্রোগ্রাম প্রভৃতি উল্লেখযোগ্য। এন আই টি আগরতলা এই বছর কারিগরী শিক্ষা সংক্রান্ত ‘আয়াম’ উৎসব পালন করেছে। এটা উত্তর-পূর্ব ভারতের একটি বৃহত্তম কারিগরী উৎসব।

এন আই টি আগরতলা বিভিন্ন ইন্ডাস্ট্রিজ, একাডেমিক ইনস্টিটিউট এবং রিসার্চ ইনস্টিটিউটের সঙ্গে বহু সংখ্যক মৌ স্বাক্ষর করেছে। মৌ-গুলি স্বাক্ষরের ফলে এন আই টি আগরতলার অধ্যয়নগত বিষয়ে ও গবেষণার ক্ষেত্রে বিভিন্ন প্রতিষ্ঠানের সঙ্গে যৌথ উদ্যোগে কাজ করার সুযোগ সৃষ্টি হয়েছে।

***২-এর পাতায়

*** (২) ***

ইন্ডিয়ান স্পেস রিসার্চ অর্গ্যানাইজেশন (ইসরো) গত ১৮ই সেপ্টেম্বর, ২০১৮ ইং এন আই টি আগরতলায় একটি স্পেস টেকনোলজি ইনকিউবেশন সেন্টারের উদঘাটন করে। ব্যাঙ্গালোর থেকে সরাসরি এই সেন্টারটির উদ্বোধন করা হয়। চলতি শিক্ষাবর্ষ থেকে ত্রিপল আই টি আগরতলার নতুন যাত্রা শুরু হয়েছে। ত্রিপল আই টি আগরতলার যাবতীয় কার্যক্রম এন আই টি আগরতলা ক্যাম্পাসে শুরু হয়েছে। এন আই টি আগরতলার অধিকর্তা হলেন ত্রিপল আই টি আগরতলার মেন্টর (অভিজ্ঞ পরামর্শদাতা)। ত্রিপল আই টি আগরতলার অধ্যয়ন বিষয়ক ও অন্যান্য বিষয়ে (শিক্ষা সংক্রান্ত) প্রয়োজনীয় সহযোগিতা এন আই টি আগরতলার পক্ষ হতে দেওয়া হচ্ছে।

এন আই টি আগরতলার চাকুরীতে নিযুক্তি (চলতি শিক্ষাবর্ষে), পরিকাঠামোগত সুযোগ-সুবিধা, অধ্যয়নগত ইন্ডাস্ট্রি ইন্টারফেস, শারীরশিক্ষা ও খেলাধুলা এবং প্রাক্তনীদের অংশগ্রহণে উল্লেখযোগ্য ভূমিকা রয়েছে। প্রতিষ্ঠানের অধিকর্তা উল্লেখ করেন এন আই টি আগরতলার বহুমুখীকর্মের ফলশ্রুতিতে প্রতিষ্ঠানটি খুব কম সময়ে একটি উৎকর্ষ কারিগরী শিক্ষা প্রতিষ্ঠানে পরিণত হয়েছে।
